

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.lawjusticediv.gov.bd

নং-আর-৬/৭এন-৩১/২০১৬-৭২৬


তারিখঃ ২৪-১১-২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ- নোটারী পাবলিক হিসাবে কাজ করার জন্য সার্টিফিকেট।

সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ শামসুদ্দোহা, পিতা-মরহুম মোঃ সোলায়মান-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে সর্কার্য সম্পাদনের নিমিত্ত এত দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিলঃ

- (ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লেখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;
- (খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ সোহেল আহমেদ)
উপ-সচিব (প্রশাসন-২)।

নং-আর-৬/৭এন-৩১/২০১৬-৭২৬

তারিখঃ ২৪-১১-২০১৬ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :-

- ১। বিজ্ঞ জেলা জজ, ঢাকা।
- ২। উপযুক্ত কর্তৃপক্ষ ও যুগ্ম-সচিব (মতামত), আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৫। সভাপতি, জেলা আইনজীবী সমিতি, ঢাকা।
- ৬। উপ-পরিচালক, ফরমস্ বাংলাদেশ প্রকাশনা ও সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (উপরের আদেশটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করিতে অনুরোধ করা হইল)।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৮। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৯। অ্যাডভোকেট জনাব মোঃ শামসুদ্দোহা, পিতা-মরহুম মোঃ সোলায়মান, স্থায়ী ঠিকানা- সাং- সবুজবাগ, কলেজ রোড, পোঃ ও থানা-কলাপাড়া, জেলা-পটুয়াখালী। বর্তমান ঠিকানাঃ সাং-১৪/৭, বাবর রোড, (১ম তলা), মোহাম্মদপুর, জেলা- ঢাকা।
- ১০। অফিস কপি/ গার্ড ফাইল।


(মোঃ আনোয়ারুল হক)
সিনিয়র সহকারী সচিব